নং ১৭৪৬ ভূমি মন্ত্রণালয়
তাং ১৮/২/২১
অতি. ডিসি
এল,এ,ও
ডিসি আর এম
ডি সি ও
ডিপি
সিএ
গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

ভূমি সেবা হচ্ছে ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৭.১৬.৮৭

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

## পরিপত্র

**বিষয়: ব্যবস্থাপনা বিভাগের কানুনগো, উপসহকারী প্রকৌশলী ও সার্ভেয়ারদের পদায়ন/বদলি/মাঠ পর্যায়ে সংযুক্তির ক্ষমতা অর্পণ সংক্রান্ত।**

ভূমি মন্ত্রণালয়ে আওতাধীন ব্যবস্থাপনা বিভাগের মাঠপর্যায়ের কানুনগো, উপসহকারী প্রকৌশলী ও সার্ভেয়ারদের Personnel management (বদলি / পদায়ন /মাঠ পর্যায়ে সংযুক্তি) এর ক্ষেত্রে পূর্বের সকল আদেশ বাতিল করত: নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:-

(ক) কানুনগো/উপসহকারী প্রকৌশলী/সার্ভেয়ারদের আন্ত:বিভাগীয় বদলি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন থাকবে। মন্ত্রণালয় থেকে বিভাগীয় কমিশনারগণের কার্যালয়ে পদায়ন করা হবে। বিভাগীয় কমিশনারগণ তাঁদেরকে জেলা প্রশাসকের কার্যালয়/রাজস্ব সার্কেল/ উপজেলা ভূমি অফিসে পদায়ন করবেন;

(খ) একজন কানুনগো/উপসহকারী প্রকৌশলী/সার্ভেয়ার-এর প্রতি কর্মস্থলে সাধারণত: চাকরিকাল সর্বোচ্চ ৩ (তিন) বছর হবে;

(গ) কানুনগো/উপসহকারী প্রকৌশলী/সার্ভেয়ারের স্পাউজ সরকারি /বেসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে বা সরকারি অনুমোদিত কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরিতে নিয়োজিত থাকলে স্বামী/স্ত্রীর চাকুরির বিষয়টি বিবেচনায় রেখে প্রযোজ্যক্ষেত্রে একই কর্মস্থলে/নিকটবর্তী কর্মস্থলে পদায়নের বিষয়টি জনস্বার্থ বিঘ্নিত না হলে বিবেচনা করা যেতে পারে;

(ঘ) সৎ, দক্ষ, যোগ্য, উদ্যমী এবং বিশেষ ক্ষেত্রে (যেমন: চিকিৎসা/ অবসর গ্রহণ সমাগত) কর্মকর্তাদের বদলির বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করতে হবে;

(ঙ) উন্নয়ন প্রকল্পে সংযুক্তিতে কর্মরত কর্মকর্তাদের প্রকল্প চলাকালীন সময়ে অন্যত্র পদায়ন যথাসম্ভব পরিহার করতে হবে;

(চ) কোন কানুনগো/উপসহকারী প্রকৌশলী/সার্ভেয়ারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগের প্রাথমিক ভিত্তি থাকলে অথবা উক্ত কর্মকর্তাকে সংশ্লিষ্ট কর্মস্থলে রাখা সমীচীন হবে না প্রতীয়মান হলে উক্ত কর্মকর্তা/কর্মচারীকে কর্তৃপক্ষ যে কোন সময়ে যে কোন কর্মক্ষেত্রে বদলির ক্ষমতা সংরক্ষণ করবে;

(ছ) সার্ভেয়ার হতে পদোন্নতি প্রাপ্ত কানুনগোকে পূর্বতন কর্মস্থলে (সার্ভেয়ার হিসেবে কর্মরত কর্মস্থলে) পদায়ন করা যাবেনা;

(জ) কানুনগো/উপসহকারী প্রকৌশলী/সার্ভেয়ারের নতুন পদায়নের সাথে সাথে সংযুক্তির আদেশ বাতিল বলে গণ্য হবে;

(ঝ) পদায়নের ক্ষেত্রে যে কোন ধরণের তদবির নিরুৎসাহিত করতে হবে। এ ক্ষেত্রে সরকারি কর্মচারী আইন-২০১৮ অনুসরণ করতে হবে;

(ঞ) প্রশাসনিক প্রয়োজনে মন্ত্রণালয় যেকোন আদেশ প্রদানের ক্ষমতা সংরক্ষণ করে।

১৫/২/২১

(মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ)
সচিব
ভূমি মন্ত্রণালয়
ফোন: +৮৮০২৯৫৪৫১৩১,
ফ্যাক্স: +৮৮০২৯৫৭৭৩৪৪
ই-মেইল: secretary@minland.gov.bd

০২ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৭.১৬.৮৭ (৮৬) তারিখ:---------------------------

১৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ভূমি আপীল বোর্ড, ঢাকা।
০৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার.....................(সকল)।
০৫। অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। জেলা প্রশাসক............................(সকল)।
০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, ভূমি মন্ত্রণালয় (পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। অফিস কপি/মাস্টার কপি।

১৫/০২/২০২১

(মোছাম্মাৎ মমতাজ বেগম)

উপসচিব